

দুরালাপনী : অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস হলঃ ৭১২১৭৬, ফ্যাক্সঃ ৭১৪১৩৭

Website- www.cnfctg.org, www.cnfctg.net
E-mail- cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং-৩৭/২০১৯

তারিখঃ ২৫/০৭/২০১৯খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

চট্টগ্রাম বন্দরে প্রবেশ/অবস্থানকালীন Waistcoat পরিধান সংক্রান্ত জরুরী দৃষ্টি আকর্ষণ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ISPS Code অনুযায়ী চট্টগ্রাম বন্দর সংরক্ষিত এলাকায় প্রবেশ/অবস্থানকালীন বন্দর ব্যবহারকারী ব্যক্তিবর্গের জন্য Waistcoat পরিধান বাধ্যতামূলক। এ প্রেক্ষিতে সি এন্ড এফ এজেন্ট মালিকদের চট্টগ্রাম বন্দর সংরক্ষিত এলাকায় প্রবেশ/অবস্থানকালীন ব্যবহারের জন্য অত্র এসোসিয়েশন কর্তৃক প্রস্তুতকৃত Waistcoat এর নমুনা পরিচালক (নিরাপত্তা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। সি এন্ড এফ এজেন্ট মালিকদের জন্য Waistcoat এর অনুমোদিত নমুনা নিউ প্যারিস টেইলার্স, বারিক বিল্ডিং মোড়, আখ্ৰাবাদ, চট্টগ্রাম এ সংরক্ষিত রয়েছে, যথাসময়ে আদেশ প্রদান ও নির্দিষ্ট মূল্য পরিশোধ সাপেক্ষে সংগ্রহ করা যাবে। তবে এসোসিয়েশনে রক্ষিত অনুমোদিত নমুনা অনুযায়ী যে কোন উৎস থেকে সংগৃহীত Waistcoat ও ব্যবহার করা যাবে। আন্তর্জাতিক আইন পালন ও চট্টগ্রাম বন্দরের সুনাম অক্ষুণ্ন রাখতে চট্টগ্রাম বন্দরে প্রবেশ/অবস্থানকালীন সময় Waistcoat পরিধান করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে।

সাম্প্রতিক সময়ে জেটি সরকারগণ তাদের জন্য নির্ধারিত Waistcoat পরিধান করে বন্দরে প্রবেশের পর তা খুলে ফেলা এবং নির্ধারিত আইডি কার্ড দৃশ্যমান রাখছেন না মর্মে পরিচালক (নিরাপত্তা), চবক, চট্টগ্রাম এর দপ্তরের পত্র নং-১৮.০৪.০০০০.১৩২.০৭.১১.১৭/১২৪৮, তাং-১৮/০৭/২০১৯ইং এর মাধ্যমে অত্র এসোসিয়েশনকে অবহিত করা হয়েছে। ফলে ISPS Code অনুসরণ/বাস্তবায়ন কাজে সংশ্লিষ্ট জেটি সরকারদের উদ্বুদ্ধ করার জন্য অনুরোধ করা হলো।

এমতাবস্থায় সি এন্ড এফ এজেন্ট মালিক এবং সংশ্লিষ্ট জেটি সরকারদের বন্দর অভ্যন্তরে প্রবেশ/অবস্থানকালীন সময়ে Waistcoat পরিধানসহ আইডি কার্ড দৃশ্যমানভাবে বুলিয়ে রাখার জন্য বিশেষ অনুরোধ করা গেল।

উল্লেখ্য মালিকদের Waistcoat এর রং লাল সবুজ এবং এসোসিয়েশনের মনোগ্রাম খচিত। পিছনে “প্রতিষ্ঠানের নাম” ও “মালিক” লিখতে হবে।

স্বাক্ষরিত/-

কাজী মাহমুদ ইমাম (বিলু)

ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক